

রপ্তানি বৃদ্ধি  
জাতির সমৃদ্ধি

রপ্তানি উন্নয়ন ব্যুরো  
EXPORT PROMOTION BUREAU



নোটিশ

নং-২৬.০২.০০০০.৫৮.০৩৮.০৯৯.১৩.২০১৯

তারিখঃ ০২-০৭-২০১৯ খ্রিঃ


বিষয়ঃ আগামী অক্টোবর ২০১৯ হতে ৬ মাসব্যাপী সংযুক্ত আরব আমিরাতের দুবাই এ অনুষ্ঠিতব্য “গ্লোবাল ভিলেজ” মেলায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী অক্টোবর ২০১৯ হতে ৬ মাসব্যাপী সংযুক্ত আরব আমিরাতের দুবাই এ “গ্লোবাল ভিলেজ” মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশের রপ্তানি বাজার বৃদ্ধি এবং মধ্যপ্রাচ্য অঞ্চলে বাংলাদেশের ইমেজ বৃদ্ধি পাবে।

০২। উক্ত মেলায় কিওস্ক-এ কেবলমাত্র খাদ্য ও পানীয় বিক্রয় করা যাবে। মোট ১৩০টি কিওস্ক (৩মি X ৩মি) ভাড়া প্রদানের জন্য ২০-০৬-২০১৯ তারিখ টেন্ডার কার্যক্রম শুরু হবে যা ০৩ সপ্তাহ চলবে। টেন্ডার প্রক্রিয়ায় কিওস্ক ভাড়া ৮০,০০০/- দিরহাম। কিওস্ক ভাড়া নেওয়ার জন্য কোন ট্রেড লাইসেন্সের প্রয়োজন নেই। কিওস্কে বাংলাদেশী খাদ্য ও পানীয় বিক্রয় করা যাবে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে গ্লোবাল ভিলেজ ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করতে হবে।

০৩। এছাড়া গ্লোবাল ভিলেজে মোট ১২টি রিটেইল শপ রয়েছে। এতে নন ফুড আইটেম যেমনঃ পোষাক, ফুটওয়্যার ইত্যাদি বিক্রি করা যাবে। এর আয়তন ৮০ বর্গমিটার এবং ভাড়া ৪,৫০,০০০ দিরহাম। এগুলো ভাড়া নেওয়ার জন্য ট্রেড লাইসেন্স প্রয়োজন হবে এবং ৫% রেভিনিউ গ্লোবাল ভিলেজ কর্তৃপক্ষের সাথে শেয়ার করতে হবে। রিটেইল শপ ভাড়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ডিজাইন অনুমোদন প্রয়োজন হবে।

০৪। বাংলাদেশী ব্যবসায়ীগণ এ বিষয়ে বিশেষ প্রয়োজনে Mr. Ahmed Khidir, Leasing Manager, Tel: +97145675024, Mobile: +971508906545, E-mail: [ahmed.khidir@globalvillage.ae](mailto:ahmed.khidir@globalvillage.ae) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হ'ল।



(আবদুর রশিদ)

উপপরিচালক

মেলা ও প্রদর্শনী বিভাগ

ফোনঃ ৮১৮০০৮৬

বিতরণঃ কার্যার্থে

প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য)।